নিউ ইয়র্কের স্টেট-এর অ্যাটর্নি জেনারেল LETITIA JAMES-এর অফিস

# নিউ ইয়র্কের ভোটাধিকার আইন

*"আপনার ভোট অমূল্য, প্রায় পবিত্র। এটি আমাদের কাছে থাকা সবচেয়ে শক্তিশালী অহিংস উপায়, যার মাধ্যমে আমরা আরও সম্পূর্ণ ও সমন্বিত সমাজ গড়ে তুলতে পারি।*

**– মার্কিন প্রতিনিধি JOHN R. LEWIS**

*নিউ ইয়র্কের John R. Lewis ভোটাধিকার আইন (NYVRA) এমন একটি ঐতিহাসিক আইন যা ভোটাধিকারের উন্নতি সাধন করে এবং নিউ ইয়র্কের সমস্ত ভোটারদের জন্য মুক্ত ও ন্যায়সঙ্গত নির্বাচনের নিশ্চয়তা প্রদান করে।*

## NYVRA কীভাবে ভোটাধিকার রক্ষা করে?

**নিউ ইয়র্কবাসীদের ভোটাধিকারকে ক্ষতিগ্রস্ত করে** এমন অনুশীলনগুলিকে NYVRA নিষিদ্ধ করে। এই অনুশীলনগুলির মধ্যে রয়েছে:

- **ভোটারদের দমন করা** (ভোটারদের জন্য ভোট দেওয়া কঠিন করে তোলা)
- **ভোট দেওয়ার ক্ষমতা হ্রাস করা** (কোনো গোষ্ঠীর ভোটের ক্ষমতা হ্রাস করা, যার মধ্যে প্রতিনিধিদের নির্বাচনের ব্যবস্থার মাধ্যমে ভোটের প্রভাব কমানোও অন্তর্ভুক্ত)
- **ভোটারদের বাধা দেওয়া** (যেমন ভোটদানে হস্তক্ষেপ করা বা ভোটারদের ভোট কেন্দ্রে পৌঁছাতে বাধা দেওয়া)
- **ভোটারদের ভয় দেখানো এবং প্রতারণা করা** (যেমন ভোটারদের ভয় দেখানো বা ভোট দেওয়ার বিষয়ে বা নির্বাচনের বিষয়ে ভুল তথ্য দেওয়া)

NYVRA নিউ ইয়র্কের স্থানীয় প্রশাসনগুলো যেমন কাউন্টি, শহর, টাউন, গ্রাম, এবং স্কুল ডিস্ট্রিক্টগুলিতে **নতুন কিছু শর্তও** আরোপ করে:

- কিছু স্থানীয় প্রশাসন নতুন প্রিক্লিয়ারেন্স শর্তের আওতায় পড়বে, যেটা পরের অংশে বর্ণনা করা হয়েছে।
- 20 জুন 2025 থেকে, কিছু স্থানীয় প্রশাসনকে ইংরেজি ভাষায় সীমিত দক্ষতা সম্পন্ন ভোটারদের জন্য বেশি করে ভাষা সহায়তা প্রদান করতে হবে। এই সহায়তার মধ্যে থাকতে পারে ব্যালট ও ভোটার নিবন্ধন সংক্রান্ত কাগজপত্রের অনুবাদ করা।

## প্রিক্লিয়ারেন্স কী?

নিউ ইয়র্কের সেইসব কমিউনিটিতে, যেখানে অতীতে ভোটাধিকার বা নাগরিক অধিকারের লঙ্ঘন করা হয়েছে, নির্দিষ্ট কিছু গোষ্ঠীকে বেশি করে গ্রেপ্তার করা হয়েছে, কিংবা যেখানে মানুষজন অন্যদের থেকে আলাদাভাবে বসবাস করে, সেখানে ভোটারদের ক্ষতি ঠেকাতে NYVRA একটি প্রক্রিয়া চালু করেছে, যেটিকে প্রিক্লিয়ারেন্স বলা হয়।

প্রিক্লিয়ারেন্স অনুযায়ী, স্থানীয় কর্তৃপক্ষকে নির্বাচনী বা ভোটসংক্রান্ত কিছু নির্দিষ্ট পরিবর্তন করার আগে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের দপ্তর (OAG) অথবা একটি স্টেট কোর্ট থেকে পূর্ব-অনুমোদন নিতে হবে।

**প্রিক্লিয়ারেন্স গুরুত্বপূর্ণ, কারণ এটি ভোটারদের উপর প্রভাব ফেলার আশঙ্কা আছে এমন সব ক্ষতিকর নীতিগুলিকে কার্যকর হওয়ার আগেই থামিয়ে দিতে পারে।**

## প্রিক্লিয়ারেন্স কীভাবে কাজ করে?

NYVRA অনুযায়ী, নির্দিষ্ট কিছু স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষকে কোনো পরিবর্তন আনার আগে প্রিক্লিয়ারেন্সের অনুরোধ জানাতে বাধ্য। এই প্রশাসনিক কর্তৃপক্ষকে বলা হয় "কভার্ড এন্টিটিজ"।

**কভার্ড এন্টিটিগুলো দেখুন**

কোনো কভার্ড এন্টিটি ভোট কেন্দ্র পরিবর্তন বা ভোটের সময় সীমাবদ্ধ করার মতো কোনো পরিবর্তন কার্যকর করার আগে, তাকে অবশ্যই (প্রশাসনিক প্রিক্লিয়ারেন্স পেতে) OAG-কে বা কোনও স্টেট আদালতে (বৈচারিক প্রিক্লিয়ারেন্স পেতে) একটি প্রস্তাব জমা দিতে হবে।

**কভার্ড পলিসিগুলি দেখুন**

# প্রশাসনিক প্রিক্লিয়ারেন্স প্রক্রিয়া কীভাবে কাজ করে:

1. কোনও প্রশাসনিক কর্তৃপক্ষ তাদের প্রস্তাবিত পরিবর্তন **OAG**-তে জমা দেয়। প্রস্তাবটি **NYVRA** পোর্টালে প্রকাশিত হয়।

2. প্রস্তাবিত পরিবর্তন নিয়ে জনসাধারণ মতামত দেওয়ার সুযোগ পায়। কোনো প্রস্তাবিত পরিবর্তন নির্দিষ্ট একটি কমিউনিটিতে ভোটদানে ও নির্বাচনের উপর কী প্রভাব ফেলবে, সে বিষয়ে ব্যক্তি ও বিভিন্ন সংগঠন মন্তব্য করতে পারে।

3. **OAG** প্রস্তাবিত পরিবর্তন ও জনসাধারণের মন্তব্যগুলি পর্যালোচনা করে। প্রস্তাবিত পরিবর্তনটি **NYVRA**-এর অধীনে অনুমোদিত কি না তা এটি নির্ধারণ করে।

4. **OAG** তার সিদ্ধান্ত প্রকাশ করে।
   *যদি OAG প্রিক্লিয়ারেন্স অনুমোদন করে, তাহলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক সেই পরিবর্তন কার্যকর করতে পারবে।*
   *যদি OAG প্রিক্লিয়ারেন্স না দেয়, তাহলে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ সেই পরিবর্তন কার্যকর করতে পারবে না, তবে তারা এই প্রত্যাখ্যানের বিরুদ্ধে স্টেট আদালতে আপিল করতে পারে।*

# আমি কীভাবে অংশগ্রহণ করতে পারি?

আমরা আপনার কথা শুনতে চাই! প্রিক্লিয়ারেন্স জমা দেওয়ার উপর জনমত যেকোনো ধরনের পরিবর্তন কীভাবে ভোটারদের উপকার বা ক্ষতি সাধন করতে পারে সে বিষয়ে আমাদের গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

*আমাদের NYVRA পোর্টালে যান যেখানে আপনি জমা করা আবেদনগুলি দেখতে পাবেন এবং মন্তব্য করতে পারবেন।*

**NYVRA পোর্টাল-এ যান**

*NYVRA সম্পর্কে আরও জানুন।*

**NYVRA সম্পর্কে জানুন।**

*জমা হওয়ার আপডেট পেতে সাবস্ক্রাইব করুন।*

**আপডেট পেতে সাবস্ক্রাইব করুন।**

*গুরুত্বপূর্ণ ভোটের তারিখ ও তথ্যসূত্র দেখুন।*

**ভোটিং সংক্রান্ত তথ্যসূত্র দেখুন।**

যদি প্রিক্লিয়ারেন্স সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকে, তবে যোগাযোগ করুন: **votingrights@ag.ny.gov**

ভোট দিতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন? **ag.ny.gov/voter-complaint** ওয়েবসাইটটি দেখুন অথবা **1-212-416-9818** নম্বরে কল করুন।